



জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ঢাকা

সভার নাম	: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিম-এর ১১শ সভা
সভাপতির নাম	: সেখ কামাল হোসেন, জেনারেল ম্যানেজার-প্রশাসন
সভার স্থান	: জেনারেল ম্যানেজার-প্রশাসন এর অফিস কক্ষ
সভার তারিখ	: ২৮-০৬-২০২১খ্রিঃ
সভার উপস্থিতি	: সংযুক্ত, পরিশিষ্ট-১।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে ম্যানেজার-প্রশাসন ও এপিএ ফোকাল পয়েন্ট বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এবং ২০২১-২২ এর খসড়া চুক্তি সভায় উপস্থাপন করেন। সভাকে অবহিত করা হয় যে, এপিএ টিমের সুপারিশ ও ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের অনুমোদনক্রমে অর্থবছর ২০২১-২২ এর খসড়া চুক্তি এপিএএমএস সেক্টরের-এ দাখিল করা হয়। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) খসড়া পর্যালোচনা বিষয়ক একটি ভার্সুয়াল সভা গত ১৭.০৬.২০২১খ্রিঃ তারিখ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব ও এপিএ টিম প্রধান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের ধরাবাহিতায় জীবন বীমা কর্পোরেশনের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে গত ২২.০৬.২০২১খ্রিঃ তারিখে আরও একটি সভা জনাব মোঃ জাহিদ হোসেন, উপসচিব ও সদস্য, এপিএ টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। গত ২২.০৬.২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় কার্যসম্পাদন সূচক, কার্যসম্পাদন সূচকের মান এবং লক্ষ্যমাত্রায় কোন ধরনের সংশোধনের প্রস্তাব করা হয়নি।

২.০ দপ্তর/সংস্থার কার্যক্রমের সার্বিক চিত্র এ অনুচ্ছেদে নিম্নোক্ত সংশোধন আনার অনুরোধ করা হয়:

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

এ অনুচ্ছেদে পূর্বের প্রিমিয়াম আয়, লাইফ ফান্ড ইত্যাদির তুলনামূলক চিত্র উপস্থাপনের পরামর্শ প্রদান করা হয়।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ বর্ণনানুগভাবে উপস্থাপনের পরামর্শ প্রদান করা হয়।

ভবিষ্যৎ পরিকল্পনা:

এ অনুচ্ছেদে পাইলট প্রকল্প হিসেবে চালুকৃত “বঙ্গবন্ধু শিক্ষাবীমা” দেশব্যাপী চালু করা, শূন্য পদে জনবল নিয়োগ এবং অর্গানোগ্রাম সংশোধনের বিষয়টি অন্তর্ভুক্তির পরামর্শ প্রদান করা হয়।



জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ঢাকা

২০২১-২০২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

এ অনুচ্ছেদে পাইলট প্রকল্প হিসেবে চালুকৃত “বঙ্গবন্ধু শিক্ষাবীমা” দেশ ব্যাপী চালু করার বিষয়টি অন্তর্ভুক্তির পরামর্শ প্রদান করা হয়।

৩.০ মন্ত্রণালয়ের নির্দেশার আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), ২০২১-২২ এর খসড়া চুক্তিতে সংশোধন করতঃ চুক্তির খসড়া চূড়ান্ত করা হয়েছে (সংযুক্ত)। ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়কে অবহিত করে সংশোধিত খসড়া APAMS সিস্টেমে দাখিল করা যেতে পারে।

(সেখ কামাল হোসেন)
জেনারেল ম্যানেজার-প্রশাসন

ও

আহবায়ক, এপিএ টিম

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১. জেনারেল ম্যানেজার (সকল), জীবীক, প্রধান কার্যালয়
২. রিজিওনাল ইনচার্জ (সকল)
৩. ডেপুটি জেনারেল ম্যানেজার (সকল), জীবীক, প্রধান কার্যালয়
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি, জীবীক, প্রধান কার্যালয়
৫. পিএস-টু-ম্যানেজিং ডাইরেক্টর, জীবীক, প্রধান কার্যালয়







জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ঢাকা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ১১ম সভার উপস্থিতি

সভার তারিখ: ২৮-০৬-২০২১খ্রিঃ

সময়: ১১:০০

ক্রমিক	নাম ও পদবী	স্বাক্ষর
০১.	জনাব আবু হেনা মোঃ মোস্তফা কামাল জেনারেল ম্যানেজার, গ্রুপ ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, এপিএ টিম	 28/06/2021
০২.	সেখ কামাল হোসেন জেনারেল ম্যানেজার-প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা ও আহবায়ক, এপিএ টিম	 28/06/21
০৩.	জনাব এ.কে. মাকসুদুল আহসান ভূঁইয়া ডেপুটি জেনারেল ম্যানেজার, অর্থ ও হিসাব, প্রধান কার্যালয়, ঢাকা	 28/6/21
০৪.	শেখ খায়েরুজ্জামান সহকারী জেনারেল ম্যানেজার, মনিটরিং সেল, উন্নয়ন ডিভিশন, প্রধান কার্যালয়, ও সদস্য এপিএ টিম	 28/6/2021
০৫.	জনাব মোঃ মালেক মিয়া ম্যানেজার-প্রশাসন ও সদস্য সচিব (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), এপিএ টিম	 28/6/21
০৬.	জনাব মোঃ মাহুদুর রহমান ম্যানেজার, প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, এপিএ টিম	 28/06/21